



ধর্মীয় রাষ্ট্র নয় ধর্মনিরপেক্ষ রাষ্ট্র চাই ॥ ধর্ম যার যার রাষ্ট্র সবার

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ

যোগাযোগ ঠিকানা : ৮৭ পুরানা পল্টন লাইন

পল্টন টাওয়ার (৪র্থ তলা), স্ট্রট নং-৩০৫, ঢাকা- ১০০০, বাংলাদেশ

E-mail: bhbcop@yahoo.com, Website: www.bhbcop.net

প্রেস বিবৃতি:

০৮ নভেম্বর, ২০২৫

ফেসবুকে সাম্প্রদায়িক প্রচারণা বন্ধে পদক্ষেপ গ্রহণের দাবি ঐক্য পরিষদের

আমরা লক্ষ্য করছি যে, '#TMD' অর্থাৎ 'Total Maloun Death' নামীয় হিন্দুবিদ্বেষী হ্যাশট্যাগ ব্যবহার করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ধর্মীয় বিদ্বেষ ও সাম্প্রদায়িক উস্কানী প্রচার করছে একটি সাম্প্রদায়িক গোষ্ঠী। এতে ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘুদের মধ্যে ভীতি সঞ্চারিত হচ্ছে, যা মানবিক মূল্যবোধের পরিপন্থী। এ ট্যাগটিকে ব্যবহার করে অসংখ্য ফেসবুক অ্যাকাউন্ট থেকে হিন্দু সম্প্রদায়ের বিরুদ্ধে বিদ্বেষপূর্ণ, অশ্লীল ও সহিংসতাপ্রবণ পোস্ট দ্রুত ভাইরাল হয়ে পড়ছে। যার ফলশ্রুতিতে দেশের ছাত্র ও যুব সমাজের মধ্যে বিকৃত মানসিকতার বহিঃপ্রকাশ দ্রুত ছড়ানোর কারণে এক সম্প্রদায়ের প্রতি অন্য সম্প্রদায়ের সাম্প্রদায়িক বিদ্বেষ ক্রমবর্ধমান।

ঐক্য পরিষদ এক বিবৃতিতে বলেছে, বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে এ ধরনের সাম্প্রদায়িক প্রচারণার মাধ্যমে দেশকে অস্থিতিশীলতার দিকে ঠেলে দেয়া হচ্ছে এবং সকল সম্প্রদায়ের সহাবস্থানের একটি স্বাধীন দেশে এ ধরনের ধর্মবিদ্বেষী সাম্প্রদায়িক অপ্রচারণা কখনো কাম্য হতে পারেনা। বিবৃতিতে আরো উল্লেখ করা হয়েছে যে, সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী ও ধর্মীয় উস্কানীদাতাদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে অনতিবিলম্বে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করাসহ এহেন প্রচারণা বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হয়েছে।

বার্তা প্রেরক:

(মনীন্দ্র কুমার নাথ)

ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক

☎ ০১৭১৩-৩৮৪৪৯০